



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৫৩

২৯ জানুয়ারি রাজশাহীতে আওয়ামী লীগের জনসভায় মানুষের ঢল নামবে - রাসিক মেয়র

রাজশাহী; ২৯ পৌষ (১৩ জানুয়ারি):

আগামী ২৯ জানুয়ারি রাজশাহীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভায় মানুষের ঢল নামবে বলে মন্তব্য করেছেন রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন। আজ শুক্রবার (১৩ জানুয়ারি) দুপুরে রাজশাহী মেডিকেল কলেজের ডা. কাইছার রহমান চৌধুরী অডিটরিয়ামে আগামী ২৯ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজশাহী আগমন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি এ মন্তব্য করেন।

রাসিক মেয়র বলেন, গত ৩ ডিসেম্বর রাজশাহীতে বিএনপির সমাবেশে ১০ থেকে ১৫ হাজারের বেশি মানুষ হয়নি। যারা রাজশাহীতে বসবাস করে, তারা দেখেছে। বিএনপি বলেছিল- তাদের এই কথিত দুর্গের সমাবেশে লক্ষ লক্ষ মানুষ হবে। তাদের ডাকে মানুষ সাড়া দেয় নাই। আসলে মানুষ তাদের সমাবেশে আসার কোনো কারণ খুঁজে পায়নি। কিন্তু, প্রধানমন্ত্রীর আগামী ২৯ জানুয়ারির জনসভায় মানুষের ঢল নামবে।

তিনি বলেন, বিএনপির যে দাবি সেটা ভিত্তিহীন, যে পদ্ধতিতে তারা দাবি আদায়ের চেষ্টা করছে, সেটাও অরাজনৈতিক একটা পদ্ধতি। আমরা জানি বিএনপি এমন একটি দল যার সৃষ্টি হয়েছিল ক্যান্টনমেন্ট থেকে অসাংবিধানিক প্রক্রিয়ায়। তারা সবসময় হত্যা ও ষড়যন্ত্রের মাধ্যমে সুযোগ পেলেই দেশের মানুষকে জিম্মি করেছে। দুর্নীতি, লুটপাট করে তারা দেশের অর্থনীতিকে পঙ্গু করেছে।

বিএনপিকে বিষফোঁড়া উল্লেখ করে খায়রুজ্জামান লিটন বলেন, ৬ মাসের মতো হলো বিএনপি নামক একটি বিষফোঁড়া দেশের পরিবেশ অশান্ত করে তুলেছে। তারা একেক বার একেক রকম কথা বলছে। কখনো তত্ত্বাবধায়ক সরকারের দাবি আদায় ছাড়া নির্বাচনে যাবে না, আবার কখনও বলছে প্রধানমন্ত্রীকে পদত্যাগ করতে হবে। কখনো ২৭ দফা দাবি করছে, আবার কখনো ১০ দফা দাবি করছে- আসলে তারা নিজেরাই জানে না যে, কী বলছে।

তিনি বলেন, বিএনপি যদি রাজপথে আসে, আসতে পারে; কিন্তু যদি তারা কোনো অরাজনৈতিক অপতৎপরতা-সন্ত্রাসী কর্মকান্ড চালায় আওয়ামী লীগের পক্ষ থেকে তা সহ্য করা হবে না। তারা যে হাত দিয়ে মানুষকে আঘাত করবে, সেই হাত ভেঙে দিতে হবে- এজন্য তিনি নেতা-কর্মীদের সজাগ থাকার আহ্বান জানান।

রাজশাহী মহানগর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী কামালের সভাপতিত্বে সভায় তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ, খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শামসুল হক টুকু, সংসদ সদস্য ডা. মো. মনসুর রহমান, ইঞ্জিনিয়ার এনামুল হক, আয়েন উদ্দিন ও রাজশাহী বিভাগের বিভিন্ন জেলার আওয়ামী লীগের সভাপতিবৃন্দ বক্তৃতা করেন। অনুষ্ঠানে রাজশাহী জেলা ও মহানগর আওয়ামী লীগের বিভিন্ন সহযোগী অঙ্গ-সংঠনের নেতৃবৃন্দসহ কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/সিকান্দার/হালিম/২০২৩/১৬.৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd